

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত প্রকল্পের এম আই এম বিক্রম-২, চট্টগ্রাম			
তারিখ: ১৫/৬/২০	ক্রমিক: ৪৮৭৭/১৬	প্রকল্পের নাম: ৪র্থ কিস্তির অবশিষ্ট	সি.ও.:
সি.ও.:	সি.ও.:	সি.ও.:	সি.ও.:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১১.২১.৬১০

তারিখ: ৭ আষাঢ় ১৪৩০

২১ জুন ২০২৩

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন " চট্টগ্রাম শহরে পরিত্যক্ত বাড়িতে সরকারি আবাসিক ফ্ল্যাট ও ডরমিটরী ভবন নির্মাণ" শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড-২২৪০৩১১০০) অনুকূলে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে ৪র্থ কিস্তির অবশিষ্ট অর্থ বরাদ্দ। উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ৪র্থ কিস্তির অবশিষ্ট ২৪৩.৭৫ লক্ষ (দুই কোটি তেতাল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কিস্তির নাম	কোড ও খাত	অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)		
				রাজস্ব	মূলধন	মোট
গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা	গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, চট্টগ্রাম	৪র্থ কিস্তির অবশিষ্ট	৪১১১১০১- আবাসিক ভবন	-	২৪৩.৭৫	২৪৩.৭৫
সর্বমোট=				--	২৪৩.৭৫	২৪৩.৭৫

উক্ত খরচ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, চট্টগ্রাম ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/৬৭০/১(১১) তারিখ-১৬/০৫/২০২৩খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট= ২৪৩.৭৫ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪০৩১১০০-৪১১১১০১ খাতে ২০২২-২০২৩ আর্থিক সালের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ

ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি- বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপির অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভিত)।

ঘ) অর্থ ব্যয়/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।

চ) পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি স্বাপেক্ষে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে।

(Signature)

২১-৬-২০২৩

আশেক আহমেদ শিবলী